তথ্যবিবরণী নম্বর-১১৬

**জড়তা নয়, টাইফয়েড টিকার জন্য শিশু-অভিভাবকদের মাঝে উৎসাহ দেখা যাচ্ছে**
**গণমাধ্যমকর্মীদের রাজশাহী বিভাগীয় পরামর্শ সভায় বক্তারা**

রাজশাহী; ১ কার্তিক (১৭ অক্টোবর):

চলমান টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন নিয়ে রাজশাহীতে কোনো ধরনের জড়তা নেই। এ টিকা নেওয়ার জন্য শিশু ও অভিভাবকদের মাঝে ব্যাপক উৎসাহ দেখা যাচ্ছে। টিকাদানের প্রথম সপ্তাহেই এ বিভাগে শিক্ষা প্রতিষ্ঠানের ৩৭ শতাংশ শিক্ষার্থী টিকা নিয়েছে। গণমাধ্যমকর্মীদের রাজশাহী বিভাগীয় পরামর্শ সভায় এ তথ্য জানিয়েছে রাজশাহী স্বাস্থ্য দপ্তর।

আজ (১৭ অক্টোবর) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনারের সম্মেলনকক্ষে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের (এনআইএমসি) আয়োজনে এ পরামর্শ সভাটি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথির বক্তৃতায় বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেন, এবারের ক্যাম্পেইনে রাজশাহী বিভাগে ৫২ লক্ষেরও অধিক শিশুকে আমরা টিকা দেবো। ইতোমধ্যে ২৫ শতাংশ শিশুকে টিকা দেওয়া হয়েছে। আল্লাহর রহমতে এ পর্যন্ত কোনো সমস্যা হয়নি। কোনো বিরূপ প্রতিক্রিয়ার খবর পাওয়া যায়নি। এই টিকা কার্যক্রম সঠিকভাবেই এগোচ্ছে।

এসময় গণমাধ্যমকর্মীরা একেবারে শুরু থেকে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের সাথে আছে- এমন মন্তব্য করে তিনি এ ক্যাম্পেইনের প্রচার-প্রচারণায় আরও বেশি সক্রিয় হওয়ার জন্য সাংবাদিকদের প্রতি আহ্বান জানান।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক মুহম্মদ হিরুজ্জামান এর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথির বক্তৃতা করেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, স্বাস্থ্যের বিভাগীয় পরিচালক ডা. মো. হাবিবুর রহমান, অতিরিক্ত বিভাগীয় কমিশনার চিত্রলেখা নাজনীন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. মহিনুল হাসান এবং ইউনিসেফ বাংলাদেশের সোশ্যাল এন্ড বিহেভিয়ার চেইঞ্জ বিশেষজ্ঞ শেখ মাসুদুর রহমান।

এছাড়া কর্ম অধিবেশনে চলমান ক্যাম্পেইনের নানা দিক তুলে ধরেন সিভিল সার্জন ডা. এস,আই,এম রাজিউল করিম এবং ইউনিসেফ ও বিশ্বস্বাস্থ্য সংস্থার প্রতিনিধিরা।

রাজশাহী হতে প্রকাশিত দৈনিক পত্রিকাসমূহের সম্পাদকবৃন্দ এবং জাতীয় দৈনিক ও ইলেকট্রনিক মিডিয়ায় কর্মরত রাজশাহীর সাংবাদিকবৃন্দসহ আঞ্চলিক তথ্য অফিস, জেলা তথ্য অফিস ও বেতারের কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

...................................................

আলীম /তৌহিদ/আতিক/ ২০২৫/১৪:৩০ঘ.